

শিশুর জন্য বেত ছাড়ি, সৃজনশীল বাংলা গড়ি।
আদর আর ভালবাসা, দিতে পারে সুশিক্ষা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং-৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৮.১৬-১৩(৬১)


তারিখ: ০৩ মাঘ ১৪২৩
১৬ জানুয়ারি ২০১৭

বিষয়: পুলভুক্ত সহকারী শিক্ষক নিয়োগ সংক্রান্ত রিট পিটিশন নং-১৪০২/১৬ এর সাথে প্রদত্ত ৫৬(ছাপান্ন)টি রিট মামলার রায় বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০.০০০০.০৩১.০৪.১৪৪.১৬-১৬, তারিখ: ০৫ জানুয়ারি ২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে পুরাতন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পুলভুক্ত সহকারী শিক্ষক নিয়োগ সংক্রান্ত রিট পিটিশন নং-১৪০২/১৬ এর সাথে প্রদত্ত ৫৬(ছাপান্ন)টি রিট মামলার ১৫/০৬/২০১৬ তারিখের রায় বাস্তবায়নের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত স্মারকে নির্দেশ প্রদান করা হয়েছে। রিট পিটিশন নং-১৪০২/২০১৬ এর সাথে একত্রে দেয়া ৫৬টি রিট পিটিশনের রায়ে ইতোপূর্বে প্রদত্ত রুল absolute করে রিট আবেদনকারীগণকে পুল শিক্ষকের তালিকা হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকের শূন্য পদে নিয়োগ দেয়ার জন্য নির্দেশ দেয়া হয়েছে(কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, পত্র প্রাপ্তির ১০ (দশ) কাযদিবসের মধ্যে ইতোপূর্বে প্রেরিত উপজেলা ভিত্তিক পুল শিক্ষকগণের তালিকা হতে উক্ত রিট পিটিশনে অন্তর্ভুক্ত তাঁর জেলার আওতাধীন উপজেলার প্রার্থীদের মধ্য হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকের শূন্য পদে নিয়োগ প্রদান পূর্বক ৭ দিনের মধ্যে নিয়োগের বিষয়ে এ অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।


(মো: আব্দুর রউফ)
পরিচালক (পলিসি ও অপারেশন)
ফোন: ৫৫০৭৪৯২৮


জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
..... (৬১ জেলা)

স্মারক নং-৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৮.১৬-১৩(৬১)/৭০

তারিখ: ০৩ মাঘ ১৪২৩
১৬ জানুয়ারি ২০১৭

অবগতির জন্য অনুলিপিঃ-

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। {দৃষ্টি আকর্ষণঃ জনাব মো: মিজানুর রহমান, সহকারী সচিব (আইন)}।
- ২। জেলা প্রশাসক, (৬১ জেলা)
- ৩। সিস্টেম ম্যানেজার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি ডিপিই এর ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো।
- ৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ।(উল্লিখিত নির্দেশাবলী জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ যথাযথভাবে প্রতীপালন করেন তা নিশ্চিত করার অনুরোধসহ)
- ৫। সহকারী পরিচালক (আইন কোষ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। সংরক্ষণ নথি।


(এ.এইচ. এম গোলাম কিবরিয়া)
উপ পরিচালক (সংস্থাপন)